# ECHO OF HIS CALL

## আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

**Vol. XXVIII** YEAR OF OUR LORD JESUS CHRIST, 2026 JUNE **No 05**


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৫৪:১৩-১৭

১৩। তোমার সন্তানেরা সকলে সদাপ্রভুর কাছ থেকে শিক্ষা পাবে, তোমার ছেলেমেয়েরা মহাশান্তি ভোগ করবে।

১৪। ধার্মিকতায় তুমি প্রতিষ্ঠিত হবে: উপদ্রব থেকে তুমি দূরে থাকবে; তোমার ভয় করার কিছু থাকবে না। আতঙ্ক বহুদূরে সরিয়ে ফেলা হবে, তা তোমার কাছে আসবে না।

১৫। কেউ যদি তোমাকে আক্রমণ করে, তা আমার থেকে হবে না; যে কেউই তোমাকে আক্রমণ করুক, সে তোমার কাছে আত্মসমর্পণ করবে।

১৬। দেখো, আমি সেই কর্মকারকে সৃষ্টি করেছি, যে হাপরে বাতাস দিয়ে অঙ্গার প্রজ্বলিত করে ও কাজের উপযুক্ত এক অস্ত্র গঠন করে। বিনাশককে ধ্বংস করার জন্য আমিই সৃষ্টি করেছি

১৭। তোমার বিরুদ্ধে গঠিত কোনো অস্ত্র সফল হবে না, তোমার বিরুদ্ধে প্রত্যেক জিহ্বার অভিযোগ তুমি খণ্ডন করবে। সদাপ্রভুর দাসেদের এই হল অধিকার, আমার কাছে তারা এভাবেই নির্দোষ প্রতিপন্ন হবে," সদাপ্রভু এই কথা ঘোষণা করেন।

GOD WILL NOT ALLOW OTHERS TO HARM YOU!

## ঈশ্বর অন্যদের আপনার ক্ষতি করতে দেবেন না!

(অবৈতনিক প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)



সারা বিশ্বের আমাদের সকল ভাই ও বোনদের, আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের চমৎকার নামে শুভেচ্ছা জানাই। আমাদের **'তাঁর আহ্বানের প্রতিধ্বনি'** পত্রিকার মাধ্যমে আপনাদের সাথে আবারও যুক্ত হতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। শান্তি ও সান্ত্বনার ঈশ্বর আমাদের প্রত্যেককে পরিচালনা ও নির্দেশনা দিতে থাকুন!



*God has not allowed anyone to harm me*

সম্প্রতি, আমি যাকোবের জীবন সম্পর্কে পড়ছিলাম, এবং এই পদটি আমাকে গভীরভাবে নাড়া দিয়েছে:

"তবুও তোমাদের বাবা দশবার আমার পারিশ্রমিক পরিবর্তন করে আমাকে ঠকিয়েছেন। অবশ্য, ঈশ্বর তাঁকে আমার কোনও ক্ষতি করার অনুমতি দেননি" (আদিপুস্তক ৩১:৭)।

(ক্রমশঃ, ৩পাতায়)


তাঁর আহ্বানের প্রতিধ্বনি



প্রতিদিন খ্রীষ্টিয়ান **ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

পাস্টর এস. স্যাম সেলভা রাজ কর্তৃক

২ মিনিটের বাণী প্রচার!!

ইংরাজী এবং হিন্দি ভাষায় - ভোর ১ ঘটিকায়

তামিল এবং তেলুগু ভাষায় - ভোর ২ ঘটিকায়

এবং তামিল ও ইংরাজী ভাষায় বাণী প্রচার এবং প্রার্থনা

রবিবার সকাল ৮.৩০ এবং সন্ধ্যা ৬.০০

অনুগ্রহ করে সাবস্ক্রাইব করুন ও শেয়ার করুন!!

# আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)

Estd. 1969



## *from your dearly beloved brother...*



**"...তোমার গোলাঘরগুলি শস্যে পরিপূর্ণ হয়ে যাবে, ও ভাঁটিগুলি নতুন দ্রাক্ষারসে উপচে পড়বে" (হিতোপদেশ ৩:১০)।**

**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

প্রভু যীশু খ্রীষ্টে আমার প্রিয়জনেরা,

আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের মহিমান্বিত নামে আপনাদের সকলকে শুভেচ্ছা জানাই!

আজকাল,আমরা আমাদের পরিচর্যার প্রতিটি ক্ষেত্রে আত্মার এক মহান ফসল কাটার সাক্ষী হচ্ছি,কারণ অনেকেই আমাদের নহিমিয় বাইবেল কলেজসমূহ, সেন্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুল, এবং মণ্ডলীগুলির পরিচর্যার মাধ্যমে আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মুখোমুখি হচ্ছেন বা তাঁর সন্ধান পাচ্ছেন।

আমাদের সেন্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুলে গত ১৭ই এপ্রিল থেকে ২১শে এপ্রিল পর্যন্ত ছুটিকালীন বাইবেল স্কুল পরিচালিত হয়েছিল, যেখানে অনেক শিশু অংশগ্রহণ করেছিল। শিশুদের শিক্ষা দিতে এবং তাদের প্রভুর পথে পরিচালিত করতে অনেক ভাই ও বোন এগিয়ে এসেছিলেন। এটি একটি মহান আশীর্বাদ ছিল।



সেন্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুলের শিক্ষক এবং অশিক্ষক কর্মীবৃন্দ



আমাদের সন্তোষপুরমে শিশুদের ছুটিকালীন বাইবেল স্কুল

**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
**EX MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A, M.Sc.(C&P), PGDHRM, MBA.
**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.
**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858
**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
**YOUTUBE CHANNEL**
Echo of His Call

Our Ministries: ◻ ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◻ BIBLECOR - Postal Courses (3 languages) ◻ YouTube Ministry ◻ Online Courses ◻ Theological Correspondence Courses (2 languages) ◻ Church Planting ◻ Nehemiah Bible Colleges ◻ Gospel Printing Press ◻ Great Commission Partners ◻ St. Paul's Matriculation School ◻ Crusades ◻ Community Development

আমরা আগামী ৫ই মে থেকে ১০ই মে পর্যন্ত চীপকে আমাদের প্রধান মণ্ডলীতে এবং ১১ই মে থেকে ১৭ই মে পর্যন্ত বালাজি নগর ও ভেলাচেরিতে আমাদের শাখা মণ্ডলীগুলিতেও ছুটিকালীন বাইবেল স্কুল পরিচালনা করব।

সরকারি নির্দেশ অনুযায়ী জুন মাসের দ্বিতীয় সপ্তাহে আমাদের স্কুল পুনরায় খুলে দেওয়া হবে। দয়াকরে এই শিক্ষামূলক পরিচর্যার জন্য প্রার্থনা করবেন, বিশেষ করে আমাদের শিক্ষার্থী, শিক্ষক-শিক্ষিকা এবং অশিক্ষক কর্মীদের জন্য।

আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলি ১লা জুন ২০২৬ তারিখে পুনরায় খুলবে। এখানে তামিল, ইংরাজী এবং হিন্দি ভাষায় পাঠদান করা হয়।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ক্লাস আগামী ৩০শে মে শেষ হবে এবং সমাবর্তন অনুষ্ঠান ৪ঠা জুলাই ২০২৬ তারিখে বিকেল ৫:০০টায় এম.আর.সি. হল, বালারকালভিনিলায়াম, রিদারডন রোড, পুরাসাওয়ালকামে অনুষ্ঠিত হবে।

দয়া করেআমাদের সহকর্মীদের জন্য এবং এই পরিচর্যার প্রয়োজনীয়তার জন্য প্রার্থনা করবেন। আমরা আপনাদের মতামত এবং পরামর্শ সাদরে গ্রহণ করি।

আপনাদের সকলের ওপর অনুগ্রহ বর্ষিত হোক। আমেন!

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**

E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ. ১ পাতার পর)

কি এক শক্তিশালী আশ্বাস! শুধু এই কথাগুলো নিয়ে ভাবলে—ঈশ্বর কোনো মানুষকে আমার ক্ষতি করতে দেননি, অথবা শয়তানকে আমার বা আমার পরিবারের বিরুদ্ধে সফল হতে দেননি—এক গভীর সান্ত্বনা পাওয়া যায়। আমি প্রার্থনা করি যাতে আপনিও নিজের জীবনের জন্য এই প্রতিজ্ঞাটি দাবি করতে পারেন।

ঈশ্বর কাউকে আমার ক্ষতি করতে দেননি!

এটি এমন একজন মানুষকে নিয়ে এক গভীর বক্তব্য যিনি এক সময় আশীর্বাদের খোঁজে নিজের ভাইকে ঠকিয়েছিলেন, বাবাকে প্রতারণা করেছিলেন এবং অন্যদের সাথে ছলনা করেছিলেন। তবুও, যাকোবের জীবনে অসাধারণ কিছু ঘটেছিল। তিনি এমন একজন মানুষ থেকে রূপান্তরিত হয়েছিলেন যিনি মানবিক ফন্দি-ফিকিরের মাধ্যমে আশীর্বাদ খুঁজতেন, সেই মানুষ — যিনি সত্য আশীর্বাদের জন্য ঈশ্বরের সাথে মল্লযুদ্ধ করেছিলেন।

যাকোবের গল্পটি সত্যিই মনমুগ্ধকর। এটি এমন এক যাত্রা যেখানে প্রতারক নিজেই প্রতারিত হয়, এবং যিনি একসময় চতুরতার সাথে কাজ করেছিলেন তিনি শেষ পর্যন্ত নম্র হন। যাকোবের ত্রুটি, ব্যর্থতা এবং সংগ্রাম সত্ত্বেও, ঈশ্বর তাঁর সাথে ছিলেন। ঈশ্বর যাকোবের ভুল এবং অপূর্ণ সিদ্ধান্তগুলোর মধ্যে দিয়েও তাঁর উদ্দেশ্য পূরণ করে গেছেন।

আমরা যখন আদিপুস্তক ৩১ অধ্যায় পড়ি, তখন আমরা একটি শক্তিশালী সত্য দেখতে পাই: ঈশ্বর তাঁর পরিকল্পনা বাস্তবায়নের জন্য যেকোনো পরিস্থিতি ব্যবহার করতে পারেন।

এমনকি যাকোব যখন পালাচ্ছিলেন, সংগ্রাম করছিলেন বা ভয়ের কারণে কাজ করছিলেন, তখনও ঈশ্বর তাঁকে পথ দেখাচ্ছিলেন, রক্ষা করছিলেন এবং তাঁর ভাগ্যকে রূপ দিচ্ছিলেন। কোনো কিছুই তাঁর দৃষ্টি এড়ায় না।

আমরা যদি যাকোবের জীবনের দিকে গভীরভাবে তাকাই, তবে আমরা এমন একজন মানুষকে দেখতে পাই যিনি চতুর, ধূর্ত এবং কৌশলী ছিলেন। তিনি জানতেন কীভাবে পরিস্থিতির সুযোগ নিয়ে তা নিজের সুবিধামতো ব্যবহার করতে হয়। তিনি প্রতারণার মাধ্যমে তাঁর ভাই এষৌয়ের জ্যেষ্ঠাধিকার অধিকার করেছিলেন এবং বাবার আশীর্বাদ চুরি করেছিলেন। যাকোব বিশ্বাস করতেন যে তিনি নিজের প্রচেষ্টায় ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারবেন — কিন্তু পরবর্তীতে তিনি বুঝতে পেরেছিলেন যে প্রকৃত আশীর্বাদ কেবল ঈশ্বরের কাছ থেকেই আসে, মানুষের প্রচেষ্টা থেকে নয়।

তাই ঈশ্বর তাঁকে পরিশোধন করতে শুরু করলেন— কোমলভাবে নয়, বরং আগুনে সোনা গলানোর মতো করে। তিনি যাকোবকে প্রতারণা, কষ্ট, ভয় এবং দ্বন্দ্বের অভিজ্ঞতা অর্জন করতে দিলেন, যতক্ষণ না যাকোব তাঁর সহ্যের শেষ সীমায় পৌঁছে চিৎকার করে বলে উঠলেন:



আমি আপনাকে যেতে দেব না

**"যতক্ষণ না পর্যন্ত আপনি আমাকে আশীর্বাদ করছেন, আমি আপনাকে যেতে দেব না"** (আদি ৩২:২৬)।




## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি

অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**

এই রূপান্তর রাতারাতি ঘটেনি। ঈশ্বর যাকোবকে একটি দীর্ঘ ও কঠিন যাত্রার মধ্য দিয়ে নিয়ে গিয়েছিলেন। তবুও, এই সবকিছুর মধ্যে ঈশ্বরই নিয়ন্ত্রণে ছিলেন। তিনি মানুষের কোনো চক্রান্তকে যাকোবকে ধ্বংস করতে দেননি, কারণ তাঁর পরিকল্পনা যাকোবের ভুলের চেয়েও অনেক বড় ছিল।

## ১। মানুষ যখন চক্রান্ত করে, ঈশ্বর তখন তা রুখে দেন!

যাকোবের জীবনে আমরা একটি গভীর শিক্ষা দেখতে পাই। তাঁর বাবা এবং ভাইকে প্রতারিত করার পর, যাকোব ভেবেছিলেন যে তিনি তাঁর ভবিষ্যৎ সুরক্ষিত করে ফেলেছেন। কিন্তু ঈশ্বর তাঁকে একটি গভীর সত্য শেখাতে চেয়েছিলেন: "আমিই আশীর্ব্বাদের প্রকৃত উৎস।"



দশবার আমার বেতন পরিবর্তন করেছিলেন

এটি শেখার জন্য যাকোব তাঁর মামা লাবনের সাথে বসবাস করতে শুরু করেন—এমন একজন মানুষ যিনি যাকোবকে তাঁর নিজের ওষুধেরই স্বাদ দিয়েছিলেন (অর্থাৎ যাকোবের মতোই প্রতারণা করেছিলেন)। শাস্ত্র আমাদের বলে যে লাবন... দশবার আমার (যাকোবের) বেতন পরিবর্তন করেছিলেন... (আদি ৩১:৭)। তিনি যাকোবকে ঠকাতে, প্রতারণা করতে এবং তাঁর সুযোগ নিতে চেষ্টা করেছিলেন।

ঈশ্বর একটি নির্দিষ্ট উদ্দেশ্যে এটি হতে দিয়েছিলেন— যাতে যাকোব বুঝতে পারেন যে প্রতারিত হওয়ার অনুভূতি কেমন এবং মানুষের প্রচেষ্টার ওপর নির্ভর না করে ঈশ্বরের ওপর নির্ভর করতে শেখেন।

তবুও, এই পরিশোধন প্রক্রিয়ার মধ্যেও ঈশ্বর একটি সীমানা নির্ধারণ করে দিয়েছিলেন। এমন একটি সীমা ছিল যা লাবন অতিক্রম করতে পারতেন না। যাকোব আত্মবিশ্বাসের সাথে ঘোষণা করেছিলেন:

" **ঈশ্বর তাঁকে আমার কোনও ক্ষতি করার অনুমতি দেননি**" (আদিপুস্তক ৩১:৭)।

এটি একটি শক্তিশালী সত্য প্রকাশ করে: ঈশ্বরের সন্তানদের বিরুদ্ধে করা প্রতিটি চক্রান্তের একটি ঐশ্বরিক সীমা রয়েছে।

- মানুষের তৈরী প্রতিটি পরিকল্পনার একটি সীমানা ঈশ্বর নির্ধারণ করে দিয়েছেন।
- প্রতিটি আক্রমণ তাঁর কর্তৃত্ব দ্বারা নিয়ন্ত্রিত (বা বাধাপ্রাপ্ত) হয়।
- সেই কারণেই আমরা আজ পর্যন্ত বেঁচে আছি। প্রভুর প্রশংসা হোক!

যিশাইয় ৫৪:১৭

" **তোমার বিরুদ্ধে গঠিত কোনো অস্ত্র সফল হবে না...।**"

অস্ত্র তৈরী হতে পারে।

আক্রমণ আসতে পারে।

আপনার পরিবার, বৈবাহিক জীবন, ব্যবসা, সেবা বা আহ্বানের বিরুদ্ধে চক্রান্ত করা হতে পারে।

কিন্তু যতদিন আমরা প্রভুর সান্নিধ্যে চলবো—বিশ্বস্তভাবে এবং আন্তরিকভাবে—ততদিন কোনো কিছুই শেষ পর্যন্ত আমাদের বিরুদ্ধে সফল হবে না।

যখন মানুষ চক্রান্ত করে, ঈশ্বর তা ব্যর্থ করেন।

## ২। ঈশ্বর আমাদের দৃশ্যমান এবং অদৃশ্য উভয় বিপদ থেকেই রক্ষা করেন

আমরা প্রায়শই সেইসব বিপদের কথা সাক্ষ্য হিসেবে বলি যা আমরা দেখতে পাই, কিন্তু আমরা সেই অসংখ্য অদৃশ্য বিপদের কথা ভুলে যাই যা থেকে ঈশ্বর আমাদের রক্ষা করেন।



বন্য পশুদের দ্বারা বিদীর্ণ পশুরা

যাকোব লাবনের দ্বারা তার মজুরি পরিবর্তনের কথা বলেছিলেন, কিন্তু সেখানে অনেক গোপন হুমকিও ছিল। তিনি বলেছিলেন:

**"বুনো জন্তুরা যে সব পশুকে বিদীর্ণ করল ... সেই ক্ষতি আমি নিজেই বহন করেছি"** (আদিপুস্তক ৩১:৩৯)।

যদি বন্য প্রাণীরা পালের ওপর আক্রমণ করত, তবে যাকোব নিজেও ঝুঁকির মধ্যে থাকতেন। চোর, বন্য জন্তু এবং রাতের বেলা আক্রমণের মতো অনেক বিপদ ছিল — তবুও ঈশ্বর তাকে রক্ষা করেছিলেন।

যাকোব প্রতিটি বিপদের কথা জানতেন না— কিন্তু ঈশ্বর সেগুলি সবই আটকে দিয়েছিলেন।

প্রভু নীরবে তাঁর জীবনের প্রতিটি খুঁটিনাটি বিষয়ের ওপর নজর রাখছিলেন।

**"সদাপ্রভু তোমাকে সকল অমঙ্গল থেকে রক্ষা করবেন..."** (গীতসংহিতা ১২১:৭)।

আমরা সবসময় আমাদের প্রিয়জনদের চোখেচোখে রাখতে পারি না — কিন্তু ঈশ্বর পারেন।

কত শত অদৃশ্য বিপদ থেকে তিনি আমাদের বাঁচিয়েছেন?

কত ফিসফিসানি বা ফাঁদ আমরা কখনো লক্ষ্যই করিনি?

তাঁর করুণাই আমাদের বাঁচিয়ে রেখেছে।

গীতসংহিতা ১৩৯ আমাদের স্মরণ করিয়ে দেয় যে ঈশ্বরের কাছ থেকে কোনো কিছুই লুকিয়ে রাখা যায় না।

এমনকি যখন আমাদের মনে হয় যে আমাদের প্রার্থনার জবাবে কিছুই ঘটছে না, তখনও ঈশ্বর পর্দার আড়ালে কাজ করে চলেছেন- তাঁর নিখুঁত সময়ে।

ঈশ্বর আমাদের ওপর নজর রাখছেন, এমনকি যখন আমরা তাঁকে কাজ করতে দেখতে পাচ্ছি না তখনও।

## ৩। ঈশ্বর মানুষের সিদ্ধান্তকে বাতিল বা অগ্রাহ্য করেন!

ঈশ্বরের প্রিয় সন্তান, মানুষ হয়তো আপনার জীবন নিয়ে অনেক পরিকল্পনা করতে পারে, কিন্তু ঈশ্বরের কাছে প্রতিটি মানুষের সিদ্ধান্তকে বাতিল করার ক্ষমতা রয়েছে।

যাকোবের জীবনে লাবন বারবার শর্তগুলো পরিবর্তন করেছিল- কিন্তু প্রতিবারই, ঈশ্বর তার ফলাফল

(ক্রমশঃ, ৬ পাতায়)

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে জুনথেকে ১৮ই জুলাই, ২০২৬ পর্যন্ত)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

### প্রশংসার বিষয়সমূহ

**জুন ১৯ :** আমাদের নিবেদিত প্রাণ সহযোগী সম্পাদকদের দিয়ে আমাদের আশীর্বাদ করার জন্য, যাঁরা বিশ্বস্ততার সাথে আমাদের পত্রিকাটিকে ১৬টি ভাষায় সঠিক সময়ে, প্রতিবার প্রকাশ করতে সাহায্য করেন।

**দিন ২০:** আবাসিক এবং সান্ধ্যকালীন নহিমিয় বাইবেল কলেজে ছাত্র ভর্তি করার ক্ষেত্রে আমাদের প্রচেষ্টাকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২১:** ১৯৬৯ সাল থেকে আমাদের এই পত্রিকা পরিচর্যার প্রতি আমাদের প্রতিশ্রুতিবদ্ধতার ওপর তাঁর ক্রমাগত আশীর্বাদের জন্য।

**দিন ২২:** ২০২৬ সালের ১০ই এপ্রিল অনুষ্ঠিত সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলের বার্ষিক দিবস এবং সমাবর্তন অনুষ্ঠানটিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৩:** আমাদের শুভাকাঙ্খীদের প্রার্থনাপূর্ণ এবং আর্থিক সহযোগিতার জন্য।

**দিন ২৪:** সেন্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুলকে ২০২৫-২০২৬ শিক্ষবর্ষটি সফলভাবে সম্পন্ন করার বিষয়ে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৫:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি প্রধান এবং শাখা মণ্ডলীগুলির নেতা ও বিশ্বাসীদের আশীর্বাদের জন্য।

**দিন ২৬:** আমাদের সান্ধ্যকালীন নহিমিয় বাইবেল কলেজকে সফলভাবে সম্পন্ন করার বিষয় আশীর্বাদ করার জন্য।

**দিন ২৭:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলোর দ্বারা পরিচালিত ছুটিকালীন বাইবেল স্কুলকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৮:** আমাদের প্রার্থনার অংশীদার, সাবস্ক্রাইবিং অংশীদর, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার, মহান আদেশ অংশিদার, অনুরোধ অংশীদার এবং তাদের পরিবারের উপর ঈশ্বরের করুণার জন্য।

**দিন ২৯:** তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব বার্তাগুলিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ৩০:** এই পরিচর্যাকে এযাবৎ টিকিয়ে রাখতে এবং পরিচালনা করার ক্ষেত্রে আমাদের সমস্ত প্রচেষ্টাকে সফল ও ফলপ্রসূ করার জন্য।

**জুলাই ০১:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনির কর্মী এবং তাদের পরিবারবর্গকে আশীর্বাদ ও রক্ষা করার জন্য।

**দিন ০২:** যুবসমাজ ও শিশুদের কল্যাণের জন্য আমাদের গ্লোবাল ভিশন ফর ইয়ুথ অ্যাণ্ড কিড কেয়ার মিনিস্ট্রিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ০৩:** ২০২৬ সালের ১৬ই মে অনুষ্ঠিত আমাদের নহিমিয় বাইবেল কলেজ প্রাক্তন ছাত্র পুনর্মিলনী উৎসবকে আশীর্বাদ করার জন্য।

### প্রার্থনার অনুরোধসমূহ

**জুলাই ৪:** বিশ্বজুড়ে মরণব্যাধি এবং বিষণ্ণতায় আক্রান্ত মানুষদের মুক্তির জন্য।

**দিন ৫:** এই মাসের সমস্ত আর্থিক প্রয়োজনের জোগানের জন্য।

**দিন ৬:** যে সমস্ত শিশু ও যুবকেরা মাদকে আসক্ত এবং স্কুল-কলেজে অনিয়মিত, তাদের মুক্তির জন্য।

**দিন ৭:** বিশ্বব্যাপী পরিচালিত ছুটিকালীন বাইবেল স্কুল ক্লাসের মাধ্যমে যে সমস্ত শিশু ও যুবকেরা পরিত্রাণ পেয়েছে, তাদের জন্য।

**দিন ৮:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে সেন্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য।

**দিন ৯:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে আমাদের আবাসিক ও সান্ধ্যকালীন নহিমিয়া বাইবেলে কলেজে যোগ্য ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য।

**দিন ১০:** যে সমস্ত মিশনারীরা দুর্গম এলাকায় সুসমাচারহীন জনগোষ্ঠীগুলোর মাঝে সুসমাচার প্রচার করছেন, তাঁদের ঐশ্বরিক সুরক্ষার জন্য।

**দিন ১১:** পিতা-মাতারা যেন তাঁদের সন্তানদেরকে ও যুবকদের সঠিকভাবে বড় করে তুলতে পারেন, সেজন্য তাঁদের ঐশ্বরিক নির্দেশনার জন্য।

**দিন ১২:** নতুন প্রজন্মের জন্য প্রার্থনা করতে আমাদের গ্লোবাল ভিশন ফর ইয়ুথ অ্যাণ্ড কিড কেয়ার মিনিস্ট্রিতে যেন আরও বেশি মানুষ যুক্ত হন, সেজন্য।

**দিন ১৩:** ঈশ্বর যেন তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির জন্য আরও বেশি নিবেদিতপ্রাণ কর্মী গড়ে তোলেন, সেজন্য।

**দিন ১৪:** বিশ্বব্যাপী সমস্ত মতবাদের মণ্ডলীগুলির মধ্যে আধ্যাত্মিক জাগরণের জন্য।

**দিন ১৫:** আমাদের সিনিয়র পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত ধরণের অমঙ্গল থেকে ঈশ্বরের ক্রমাগত সুরক্ষার জন্য।

**দিন ১৬:** ঈশ্বর যেন পৃথিবীতে তাঁর রাজ্য বিস্তারের জন্য আমাদের আরও মহৎ দৃষ্টিভঙ্গি দান করেন, সেজন্য।

**দিন ১৭:** সমগ্র বিশ্বে যেন শান্তি বজায় থাকে, সেজন্য।

**দিন১৮:** আমাদের সিনিয়র পাস্টরের আত্মজীবনীর কাজ যেন সফলভাবে সম্পন্ন হয়, সেজন্য।

(ক্রমশঃ ৪ পৃষ্ঠার পর থেকে)

পরিবর্তনকরে দিয়েছিলেন।

ঈশ্বর যদি যাকোবের জন্য এটি করতে পারেন, তবে তিনি এটি আপনার জন্যও করতে পারেন।

আপনার বিরুদ্ধে কাজ করছে এমন কিছু পরিস্থিতি থাকতে পারে:

- একটি বিচার বা রায়
- একটি রোগ নির্ণয়
- পরীক্ষার একটি ফলাফল
- অন্যদের দ্বারা নেওয়া কোনো সিদ্ধান্ত

কিন্তু ঈশ্বর এই সব কিছুকে বাতিল বা ওলটপালট করে দিতে পারেন।



আমাদের তাঁর কাছে আসা এবং প্রার্থনা করা প্রয়োজন

আমাদের কেবল তাঁর সামনে আসতে হবে এবং প্রার্থনা করতে হবে:

***প্রভু,তুমি আমার পিতা। আমি তোমার সন্তান। দয়া করে আমাকে সাহায্য করো।***

আমরা যখন নিজেদের নম্র করি, নিজেদের পাপ স্বীকার করি এবং তাঁর সাহায্য প্রার্থনা করি, তখন তিনি দয়া ও শক্তির সাথে সাড়া দেন।

**"...তিনি যা খোলেন, কেউ তা বন্ধ করতে পারে না এবং তিনি যা বন্ধ করেন, কেউ তা খুলতে পারে না"** (প্রকাশিতবাক্য ৩:৭)।

মানুষের কর্তৃত্ব বাস্তব- কিন্তু ঈশ্বরের সার্বভৌমত্বই চূড়ান্ত।

### ৪। ঈশ্বর প্রতিটি অবিচারকে উন্নতিতে পরিণত করেন!

কখনও কখনও, এমনকি যখন আমরা বিশ্বস্তভাবে জীবনযাপন করি, তখনও জীবনকে অন্যায় বলে মনে হতে পারে। আমরা হয়তো ভাবতে পারি:

- আমি ঈশ্বরকে ভয় করি (ভক্তি করি) - তাহলে আমি



অন্যদের মতো আশীর্বাদপুষ্ট নই কেন?

- যারা ঈশ্বরকে অবজ্ঞা করে, তারা কেন উন্নতি করছে বলে মনে হয়?
- ধার্মিক উপায়ে বেঁচে থাকার কি কোনো মূল্য আছে?

প্রিয় বন্ধুরা, এই পৃথিবীতে যা কিছু সমৃদ্ধ বা উন্নত বলে মনে হয়,তা প্রায়শই সাময়িক। কিন্তু আপনি যে প্রতিটি অন্যায়ের মুখোমুখি হন—ঈশ্বর সেটিকে আপনাকে শক্তিশালী করতে, আপনার বৃদ্ধি ঘটাতে এবং আপনাকে উন্নত করতে ব্যবহার করবেন।

**যাকোবের দিকে তাকিয়ে দেখুন:**

যখন লাবণ বলেছিলেন দাগযুক্ত, ঈশ্বর পশুপালকে দাগযুক্ত করেদিয়েছিলেন। যখন তিনি বলেছিলেন



যখন লাবণ বলেছিলেন দাগযুক্ত, ঈশ্বর পশুপালকে দাগযুক্ত করেদিয়েছিলেন।

'ডোরাকাটা', ঈশ্বর সেগুলোকে ডোরাকাটা করে দিয়েছিলেন।

লাবণ তাকে যত বেশি নিপীড়ন করেছিলেন, ঈশ্বর তাকে তত বেশি সমৃদ্ধ করেছিলেন।

**"যারা ঈশ্বরকে ভালোবাসে...তিনি সর্ববিষয়ে তাদের মঙ্গলসাধনের জন্য কাজ করেন"** (রোমীয় ৮:২৮)।

এমনকি অবিচারও ঈশ্বরের হাতের একটি হাতিয়ার হয়ে ওঠে।

যারা আপনার সাথে খারাপ ব্যবহার করে তাদের ভয় পাবেন না।

যারা আপনার সাথে অন্যায় করে তাদের দ্বারা নিরুৎসাহিত হবেন না।

শত্রু যা মন্দের জন্য মনস্থ করে, ঈশ্বর তাকে আশীর্বাদে পরিণত করবেন।

তাঁর ওপর ভরসা রাখুন- তিনি প্রতিটি অন্যায়কে আপনার বৃদ্ধিতে পরিণত করবেন।

### ৫। ঈশ্বর যখন আপনাকে কোনো পরিস্থিতির মুখোমুখি দাঁড় করান, তিনি আপনাকে তা পার করে নিয়ে যাবেন!

যাকোব তার বাবার বাড়ি ছেড়ে প্রাণভয়ে পালিয়ে গিয়েছিলেন, সাথে ঈশ্বরের প্রতিজ্ঞা ছাড়া আর কিছুই ছিল না:

(ক্রমশঃ ৯ পৃষ্ঠায়)


নহিমিয় বাইবেল কলেজসমূহ

চীপক্ এবং সন্তোষপুরম, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আংশিক সময়)

ঈশতত্ত্বে ডিপ্লোমা

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা ৫০ বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুব:

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikaans.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery
7. Great Commission Partners (Network of Pastors)
8. Training Programmes – Seminars & Retreats
9. Crusades
10. Literature Distribution and Follow Up
11. Gospel Printing Press - Publications
12. St. Paul's Matriculation School - Village English High School
13. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
14. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
15. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
16. **Tamil Service : 8.30 a.m. Sunday**
17. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
18. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
19. **Telugu Service : 4.00 p.m. Sunday**
20. **Hindi Service : 5.00 p.m. Sunday**
21. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
22. Feedback Time : 7.30 p.m. Sunday
23. Women's Prayer : 5.30 p.m. Wednesday
24. Hindi Prayer : 7.00 p.m. Wednesday
25. Men's Prayer : 7.30 p.m. Friday
26. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
27. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
28. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
29. Ministers' Meeting : 5.30 p.m. First Saturday
30. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
31. Night Prayer : 9.30 p.m. Third Friday
32. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
33. Holy Communion : Second Sunday Service
34. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
35. Staff Devotion : 9.00 a.m. daily
36. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কেনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভান্স্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## "আমি জানি যে আমার ত্রাণকর্তা জীবিত আছেন! (ইয়োব ১৯:২৫)।

গোপন পরীক্ষার শুরুতে ঈশ্বর আমার পরিচর্যার প্রথম দিনগুলোতে অনেক পরীক্ষা ও কষ্টের মধ্যে দিয়ে যাওয়ার অনুমতি দিয়েছিলেন। আর্থিক অনটনের কারণে আমি চরম চাপের মধ্যে ছিলাম। নিজের পরিচর্যা কেন্দ্রটি গড়ে তোলার জন্য কোনো স্থায়ী ভবন পাওয়ার সুযোগ না থাকায়, আমাকে বারবার এক স্থান থেকে অন্য স্থানে যেতে হতো এবং প্রায়শই আমার বাসস্থান ও অফিস পরিবর্তন করতে হতো।

আমি ১৯৮০ সালে মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়েছিলাম। আমি বহু দিন ধরে জ্বর এবং সারা শরীরে ব্যথায় ভুগছিলাম,বিশেষ করে আমার ঘাড়ে তীব্র ব্যথা ছিল। আমি যে স্থানে আমার পরিচর্যা করছিলাম সেটি কোনো খ্রীষ্টিন এলাকা ছিল না। আমার চারপাশের মানুষের কাছ থেকে আমি কোনো সাহায্য পাইনি এবং আমাকে একজন অপরিচিত ব্যক্তি হিসেবে গণ্য করা হতো। যেহেতু আমি আমার অসুস্থতা এবং একাকীত্বের কারণে প্রচণ্ড কষ্ট পাচ্ছিলাম, তাই আমি আমার বন্ধুদের মধ্যে একজনকে একরাত আমার সাথে থাকার জন্য অনুরোধ করেছিলাম। যদিও সে এর আগে আমার কাছ থেকে অনেক সাহায্য পেয়েছিল, তবুও সে আমার সাথে থাকতে রাজি হয়নি। সেই রাতে আমি অনেক কষ্ট পেয়েছিলাম।



পরদিন সকালে, কিছু লোক এসে আমাকে একটি সরকারি হাসপাতালে ভর্তি করে একা রেখে চেলে যায়। আমি তখনও সেই রোগে ভুগছিলাম। অনেক দিন পর, ডাক্তাররা আমার একটি অস্ত্রোপচার করার সিদ্ধান্ত নেন এবং সমস্ত ব্যবস্থা করেন। আমার পরিস্থিতির কারণে আমি অস্ত্রোপচার করতে চাচ্ছিলাম না এবং তাই আমি প্রার্থনা করতে শুরু করি। আমি ঈশ্বরকে বলছিলাম যে কীভাবে আমি পরিচর্যার খাতিরে অনেক সমস্যার সম্মুখীন হচ্ছি, যদিও আমার কাছে জাগতিক সুযোগ-সুবিধা পাওয়ার পথ খোলা ছিল। **আমি যখন তাঁর কাছে আমার পথ ব্যাখ্যা করলাম, তখন প্রভু আমার কথা শুনলেন** (গীত ১১৯:২৬)।



এক রাতে,যখন আমি প্রার্থনা করছিলাম,তখন আমি ঈশ্বরের স্পর্শ অনুভব করলাম।



আমি আমার শরীরে রোগ থেকে মুক্তির এক অনুভূতি পেলাম। আমি এটি সম্পূর্ণভাবে বিশ্বাস করলাম এবং সংশ্লিষ্ট ডাক্তারকে আমার অভিজ্ঞতার কথা জানালাম। তিনি অত্যন্ত সহানুভূতিশীল ছিলেন এবং আমাকে বললেন, "আমি জানি, এমন অনেক খ্রীষ্টিন আছেন যারা যীশু খ্রীষ্ট তাদের সুস্থ করেছেন বলে চিকিৎসা নিতে অস্বীকার করেন। আপনিও একই কথা বলছেন।" তিনি কোনো অস্ত্রোপচার বা ওষুধের জন্য জোর না করেই আমাকে ছেড়ে দিলেন। আমি ঈশ্বরের প্রতি যা বিশ্বাস রেখেছিলাম, ঈশ্বর আমার জন্য সেটাই করলেন।



ঈশ্বর আমাকে সম্পূর্ণ সুস্থ করে তুলেছেন। প্রায় ৪৬ বছর কেটে গেছে। সেই রোগ আমাকে আর কখনোই স্পর্শ করেনি। যদিও আমাকে অসমান এবং আঁকাবাঁকা রাস্তায় গাড়ি চালাতে হয়, তবুও আমার সেই পিঠের ব্যথা বা ঘাড়ের ব্যথা আর হয় না। আমি দিনে প্রায় ২০ ঘণ্টা কাজ করি,তা সে অফিসেই হোক বা কোথাও প্রচার কাজেই হোক। সাধারণত আমি ক্লান্ত হই না;ঈশ্বর শুধু আমাকে সুস্থই করেননি, বরং বিভিন্ন উপায়ে আমাকে আশীর্বাদও করেছেন। সেখানে কেবল একজন বন্ধু ছিল যে আমাকে ত্যাগ করেছিল। কিন্তু আজ ঈশ্বর আমাকে সারা বিশ্বে বন্ধু দিয়েছেন এবং আমাকে ও আমার পরিচর্যাকে আশীর্বাদ করেছেন।

প্রিয় বন্ধু, আমাদের প্রভু যীশু অত্যন্ত অনন্য এবং যে কোনো কিছু ও সবকিছুর ঊর্ধ্বে। আমরা যদি তাঁকে আমাদের প্রকৃত বন্ধু এবং ঈশ্বর হিসেবে বিবেচনা করি, তবে তিনি এই অন্ধকার পৃথিবীতে সঠিক সময়ে আমাদের সঠিক পথে পরিচালিত করবেন। আপনি যদি তাঁকে আপনার ব্যক্তিগত জীবনে প্রভু এবং ত্রাণকর্তা হিসেবে গ্রহণ না করে থাকেন, তবে এখনই তাঁকে গ্রহণ করুন এবং তাঁর সেবা করতে শুরু করুন। তিনি নিশ্চিতভাবে আপনাকে নিরাপত্তার দিকে চালিত করবেন। তিনি প্রতিদিন আমাকে পরিচালিত করেন এবং আমি নিশ্চিত তিনি আপনাকেও পরিচালিত করবেন।

**"আমি মরুভূমির মধ্য দিয়ে পথ ও প্রান্তরের মধ্য দিয়ে নদনদী তৈরী করব"** (যিশাইয় ৪৩:১৯)।

******************

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*



আমি সেই সদাপ্রভু...তুমি যে জমিতে শুয়ে আছো সেটি আমি তোমাকে ও তোমার বংশধরদের দেব

**"...আমিই সদাপ্রভু...তুমি যে ভূমিতে শুইয়া আছ, তাহা আমি তোমাকে ও তোমার বংশকে দান করিব..."** (আদিপুস্তক ২৮:১৩)।

তিনি খালি হাতে, ভীত এবং তার ভবিষ্যৎ নিয়ে অনিশ্চিত অবস্থায় চলে গিয়েছিলেন।

প্রথমে, লাবনের বাড়িতে জীবন অনুকূল বলেই মনে হয়েছিল। কিন্তু সময়ের সাথে সাথে তা শত্রুতায় রূপ নেয়। লাবন এবং তার ছেলেরা ঈর্ষান্বিত হয়ে ওঠে এবং তাদের মনোভাব বদলে যায়।।

**"আর যাকোব লক্ষ্য করলেন যে তার প্রতি লাবনের আচরণ আর আগের মতো নেই"** (আদি ৩১:২,৫)।

যদিও যাকোব কঠিন পরিস্থিতির মুখোমুখি হয়েছিলেন, ঈশ্বর তাঁর সাথে ছিলেন।

যখন সময় এলো, ঈশ্বর বললেন, 'ফিরে যাও'।

এমনকি যখন লাবন যাকোবকে খালি হাতে তাড়িয়ে দেওয়ার মনস্থ করেছিলেন, তখন ঈশ্বর হস্তক্ষেপ করেছিলেন।

যাকোব সাক্ষ্য দিয়েছিলেন:

**"আমার পৈতৃক ঈশ্বর, অব্রাহামের ঈশ্বর এবং ইস্‌হাকের ঈশ্বর যদি আমার সাথে না থাকতেন, তবে আপনি নিঃসন্দেহে আমাকে শূন্য হাতেই পাঠিয়ে দিতেন ..."** (আদি ৩১:৪২)।

কিন্তু ঈশ্বর তা হতে দেননি। তিনি সবকিছু ফিরিয়ে দিয়েছিলেন এবং তাঁর প্রতিজ্ঞা পূর্ণ করেছিলেন।

ঈশ্বর তাঁর নিজস্ব সময়ে সবকিছু সুন্দর করে তোলেন।

***আপনি যদি অপেক্ষা করে থাকেন:***

- কোনো পদোন্নতির জন্য
- উন্নতির জন্য
- কোনো বড় সাফল্যের জন্য

ঈশ্বর আপনাকে মনে করিয়ে দিচ্ছেন:

যখন ঈশ্বর বলেন, 'এটাই সময়,' তখন কেউ আপনাকে আটকে রাখতে পারবে না।

সাহসী হোন।

শক্তিশালী হোন।

সঠিক সময়ে,ঈশ্বর পরবর্তী দরজাটি খুলে দেবেন।

প্রিয় বন্ধুরা, মানুষ আমাদের বিরুদ্ধে ষড়যন্ত্র করতে পারে এবং শত্রু আমাদের সামনে ফাঁদ পাততে পারে — কিন্তু ঈশ্বর কখনই তাদের আমাদের ধ্বংস করতে দেবেন না।

আমাদের অবশ্যই তাঁর প্রতিজ্ঞাগুলোকে দৃঢ়ভাবে আঁকড়ে ধরে রাখতে হবে:

**"যারা শত্রু হয়ে তোমাদের বিরুদ্ধে দাঁড়াবে সদাপ্রভু এমন করবেন যাতে তারা তোমাদের সামনে হেরে যায়..."** (দ্বি.বি ২৮:৭)।

আমরা যে পরিস্থিতির মুখোমুখি হই না কেন, ঈশ্বর আমাদের পাশে আছেন। তাঁর বাক্য আমাদের মনে করিয়ে দেয়:

**"ধার্মিক ব্যক্তি অনেক দুর্ভোগের সম্মুখীন হয়, কিন্তু সদাপ্রভু তাকে সেইসব থেকে মুক্ত করেন"** (গীত ৩৪:১৯)।

**"সে আমার নামে ডাকবে, আর আমি তাকে উত্তর দেব; সঙ্কটে আমি তার সঙ্গে রইব, আমি তাকে উদ্ধার করব আর সম্মানিত করব"** (গীত ৯১:১৫)।

ঈশ্বর দূরে নন- তিনি আমাদের সাথেই আছেন। তিনি আমাদের প্রতিটি কঠিন পরীক্ষার মধ্য দিয়ে আমাদের পাশে পাশে হাঁটেন, যতক্ষণ না তিনি আমাদের সেখান থেকে পার করে নিয়ে যান।

তিনি আপনাকে পরিত্যাগ করবেন না।

তিনি আপনাকে ব্যর্থ হতে দেবেন না।

আপনার জন্য তিনি যে ভাগ্য বা গন্তব্য তৈরী করে রেখেছেন,তা ধ্বংস করার অনুমতি তিনি অন্য কিছুকে দেবেন না।

তাঁর প্রতিশ্রুতির ওপর ভরসা রাখুন:

**"অব্রাম, ভয় কোরো না। আমি তোমার ঢাল, তোমার মহা পুরস্কার"** (আদিপুস্তক ১৫:১)

(এখানে আপনার নিজের নামটি বসিয়ে নিন-তাঁর প্রতিশ্রুতি একান্ত ব্যক্তিগত।)

এই মাসটি আপনার জন্য আশীর্বাদযুক্ত হোক।

*************

**বিজ্ঞপ্তি**

আপনার মোবাইল ফোনে আমাদের প্রধান ফোন নম্বরগুলি সেভ করে রাখুন।

(+91) 98410 71858,
(+91) 98412 71858

— সম্পাদক


# নহিমিয় বাইবেল কলেজসমূহ

(আবাসিক-হিন্দি এবং সান্ধ্য-তামিল)

তাঁর আহ্বানের প্রতিধ্বনি শিক্ষা প্রতিষ্ঠান

**২৬তম গ্রাজুয়েশন সভা**

৪ঠা জুলাই, ২০২৬ শনিবার, বিকাল ৫টা

বিশেষ অতিথি:

**রেভাঃ ডঃ.এস.জে. কিংসলে,**

(সিওও, যেসাস কলস)

স্কীডমোর হল,
স্থান: বালার কালভি নিলায়ম হল,এম.আর.সি.সেন্টার,
৫/৬ রীদারডন রোড, ভেপারি, চেন্নাই ৬০০০০৭

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের জন্য ভর্তি শুরু! অনুগ্রহ করে যোগ্য শিক্ষার্থীদের নাম সুপারিশ করুন!!

আবাসিক পুরুষ হিন্দি শিক্ষার্থীদের জন্য বিশেষ বৃত্তির সুবিধা আছে। ১লা জুন থেকে ২০২৬-২৭ শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে!!!!

প্রার্থনা করুন এবং অংশগ্রহণ করুন

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

## OUR QR CODE:

ECHO OF HIS CALL

Scan to pay with any UPI app

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা    **আজীবন গ্রাহক মূল্য** : ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফ্টগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 15th JUNE 2026

If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**